



হস্তশিল্পী ও তাঁতশিল্পীদের অনলাইন রেজিস্ট্রেশন

ক্ষুদ্র, ছোটো ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র দপ্তর

কী পরিষেবা দেওয়া হবে

পশ্চিমবঙ্গের বৈচিত্র্যপূর্ণ হস্তশিল্প ও তাঁতশিল্পের ঐতিহ্যের ধারাবাহিকতা বজায় রাখার উদ্দেশ্যে, 'ওয়েস্টবেঙ্গল আর্টিজান পোর্টাল'-এ কারিগর ও তত্ত্বাবায়দের নথিভুক্ত করা হবে যাতে তারা সুনির্দিষ্ট উদ্যোগ ও পরিকল্পনার মাধ্যমে শিল্পের গুণগত মান বৃদ্ধি করতে পারেন।

কারা আবেদন করতে পারেন

ক্ষুদ্র, ছোটো ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র দপ্তর থেকে চিহ্নিত পশ্চিমবঙ্গের ৬০টিরও বেশি হস্তশিল্প ও বয়নশিল্পের সঙ্গে যুক্ত শিল্পীরা রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারেন।

(উদাহরণঃ বিবিধ তাঁত, সিল্ক, কাঁথাস্টিচ, মসলিন শাড়ি বা বস্ত্রশিল্প বা পর্দা/বেডকভার জাতীয় অন্তরসজ্জার সঙ্গে যুক্ত শিল্পী, কাঁসা-পিতল, তামা, ডোকরা, রূপার গহনা, লাক্ষা, চামড়া, শোলা, মুখোশ তৈরি, মৃৎশিল্প, পটচিত্র, মাদুরশিল্প ইত্যাদি)

কী কী নথি প্রয়োজন

- ১) আবেদনকারীর পাসপোর্ট মাপের ছবি।
- ২) আধার কার্ড / ভোটার কার্ডের কপি।